# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 28-04-2025 Time: 7.50 P.M.**

## বিশেষ বিশেষ খবরঃ-

১) রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ সন্ধ্যায় রাষ্ট্রপতি ভবনে পদ্ম পুরস্কার প্রদান করেছেন। এরাজ্য থেকে ৯ জন পদ্মশ্রী সম্মান পেয়েছেন।

২) পাকিস্তানী সেনাবাহিনীর হাতে আটক হুগলীর রিষড়ার বাসিন্দা পূর্ণম কুমার সাউ-এর স্ত্রী আজ পাঠানকোটের উদ্দেশ্যে রওনা দিয়েছেন।

৩) কলকাতা হাইকোর্টে প্রাথমিকের ৩২ হাজার চাকরি বাতিল সংক্রান্ত মামলার শুনানি আগামী ৭-ই মে` ।

চাকরি ফিরে পাওয়ার দাবিতে চাকরিহারা শিক্ষক ও শিক্ষাকর্মীদের একাংশের বিক্ষোভ মিছিলকে কেন্দ্র করে কলকাতার হাজরা মোড়ে উত্তেজনা।

এদিকে, এবছরের উচ্চ-মাধ্যমিকের ফল ঘোষণা হবে আগামী ৭-ই মে।

৪) মুর্শিদাবাদের জাফরাবাদে সম্প্রতি বাবা ও ছেলের হত্যার ঘটনায় পুলিশ আরও দু-জনকে গ্রেফতার করেছে।

৫) রাজ্যের বিভিন্ন জেলায় আগামী কয়েকদিন বিক্ষিপ্ত ঝড় বৃষ্টির পুর্বাভাষ দিয়েছে আলিপুর আবহাওয়া দপ্তর।

৬) আইপিএল ক্রিকেটে কলকাতা নাইট রাইডার্স আগামীকাল দিল্লি ক্যাপিটালস্-এর বিরুদ্ধে খেলবে।

oooooooooooooooooooooo

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ সন্ধ্যায় রাষ্ট্রপতি ভবনে পদ্ম পুরস্কার প্রদান করেছেন। দেশের সর্বোচ্চ নাগরিক সম্মান হিসেবে পদ্মবিভূষণ ,পদ্মভূষণ এবং পদ্মশ্রী পুরস্কার দেওয়া হয়ে থাকে। এবছর মোট ১৪৯ জন পদ্ম পুরস্কার পেলেন। এর মধ্যে সাত জনকে পদ্মবিভূষণ, ১৯ জনকে পদ্মভূষণ এবং ১১৩ জনকে পদ্মশ্রী পুরস্কার দেওয়া হয়।

বাংলা থেকে এবার ৯ জন পদ্মশ্রী সম্মান পেলেন। প্রাপকদের তালিকায় রয়েছেন- নৃত্যশিল্পী-অভিনেত্রী **মমতাশঙ্কর,** সরোদ বাদক পন্ডিত **তেজেন্দ্র নারায়ণ মজুমদার,** বিশিষ্ট সঙ্গীত শিল্পী **অরিজিৎ সিং,** উত্তর ২৪ পরগণার মছলন্দপুরের বাসিন্দা ঢাক বাদক **গোকুল চন্দ্র দাস,** ভারত সেবাশ্রম সংঘের সন্ন্যাসী স্বামী প্রদীপ্তানন্দ ওরফে **কার্তিক মহারাজ,** শিল্পপতি **পবন গোয়েঙ্কা** এবং **সজ্জন ভজনকা,** রাজবংশী ভাষায় রামায়ণের অনুবাদ করার জন্য সাহিত্যিক, শিক্ষাকর্মী **নগেন্দ্রনাথ রায়,** শিক্ষানুরাগী তথা সমাজকর্মী পরিবার স্কুলের প্রতিষ্ঠাতা **বিনায়ক লোহানি**।

**পদ্মশ্রী প্রাপকদের** তালিকায় রয়েছেন ‘স্টেট্ ব্যাংক অফ ইন্ডিয়া’র প্রাক্তন চেয়ারপার্সন অরুন্ধতি ভট্টাচার্যও।

এদিকে, **মরণোত্তর পদ্মভূষণ** দেওয়া হয়েছে নরেন্দ্রপুর রামকৃষ্ণ মিশনের প্রাক্তনী, অর্থনীতিবিদ বিবেক দেবরায়কে।

উল্লেখ্য, পুরস্কার প্রদান অনুষ্ঠানে উপরাষ্ট্রপতি জগদীপ ধনখড়, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সহ অন্যান্য কেন্দ্রীয় মন্ত্রী এবং বিশিষ্ট ব্যক্তিরা উপস্থিত ছিলেন।

oooooooooooooooooooooo

পাকিস্তানী সেনাবাহিনীর হাতে আটক হুগলীর রিষড়ার বাসিন্দা পূর্ণম কুমার সাউ-এর স্ত্রী রজনী সাউ আজ পাঠানকোটের উদ্দেশ্যে রওনা দিয়েছেন। সঙ্গে রয়েছেন পরিবারের আরও চার সদস্য। বিমানবন্দরে পূর্ণমের স্ত্রী সাংবাদিকদের বলেন, স্বামী কোন খোঁজ এখনও তিনি পাননি। সেকারণে চরম উদ্বেগে রয়েছেন। পাঠানকোটে পৌঁছে বিএসএফ-এর CEO-র সঙ্গে তিনি দেখা করবেন।

এদিকে, প্রদেশ কংগ্রেসের এক প্রতিনিধি দল আজ সকালে পুর্নমের রিষড়ার বাড়িতে গিয়ে তাঁর বাবা ও পরিবারের সদস্যদের সঙ্গে কথা বলেন। দলে ছিলেন প্রদেশ কংগ্রেসের রাজ্য সাধারণ সম্পাদক আশুতোষ চট্টোপাধ্যায়, AICC র পর্যবেক্ষক অম্বা প্রসাদ প্রমুখ।

আশুতোষবাবু পরে সাংবাদিকদের বলেন পুর্নম-কে নিরাপদে ফিরিয়ে আনতে তারা সবরকমভাবে সহযোগিতার হাত বাড়িয়ে দেবে। কেন্দ্রকেও তিনি প্রয়োজনীয় সমস্ত পদক্ষেপ গ্রহণের আবেদন জানান।

উল্লেখ্য পুর্নমের মুক্তির জন্য সীমান্তরক্ষী বাহিনী বিএসএফ-এর সঙ্গে পাক বাহিনীর দফায় দফায় বৈঠক হয়েছে। কিন্তু তা সত্ত্বেও মেলেনি কোন সমাধান সূত্র।

আগেই জানানো হয়েছে পহেলগাঁও-এ জঙ্গি হামলার উত্তেজনার মধ্যেই পূর্নম সাউ গত বৃহস্পতিবার ভূল বশত ফিরোজপুর সীমান্তে ঢুকে পড়েন বলে অভিযোগ। সেই সময় পাক রেনজার্সরা তাকে আটক করে।

ooooooooooooooooooo

আগামী বুধবার অক্ষয় তৃতীয়ায় পূর্ব মেদিনীপুরের দীঘায় জগন্নাথ মন্দিরের উদ্বোধন হবে। এরজন্য শেষ মুহূর্তের প্রস্তুতি চলেছে। মন্দিরের উদ্বোধন উপলক্ষে আজ দুপুরে দীঘায় পৌঁছন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী। সাংবাদিকদের কাছে তিনি আশাপ্রকাশ করেন, এই কেন্দ্র নতুন ও পুরোন প্রজন্মের কাছে কৃষ্টি ও সম্প্রীতির মেল বন্ধন হয়ে উঠবে। আগামী দিনে দীঘার পর্যটন শিল্প আরো উন্নত হবে ।

মুখ্যন্ত্রীর সঙ্গে গেছেন মন্ত্রিসভার একধিক সদস্য এবং প্রশাসনের শীর্ষ আধিকারিকরা। এই উপলক্ষে দীঘায় বহু মানুষের সমাগম হয়েছে। অনুষ্ঠান ঘিরে ব্যাপক নিরাপত্তার ব্যবস্থা করা হয়েছে। আজ থেকেই সেখানে যান চলাচল নিয়ন্ত্রণ করা হয়েছে। প্রায় ৩ কিলোমিটার দূরে গাড়ি রেখে হেঁটে শহরে প্রবেশ করতে হচ্ছে।

ooooooooooooooooooo

এদিকে, বিজেপি বুধবার অক্ষয়তৃতীয়ার দিন থেকেই মুর্শিদাবাদের ভাঙ্গা মন্দিরগুলি সংস্কার করে পুনরায় পুজো শুরু করার উদ্যোগ নিচ্ছে। দলের রাজ্য সভাপতি কেন্দ্রীয় প্রতিমন্ত্রী ডক্টর সুকান্ত মজুমদার আজ সাংবাদিকদের জানিয়েছেন, সাম্প্রতিক হিংসায় ক্ষতিগ্রস্ত ওই মন্দিরগুলিতে মূর্তি প্রতিষ্ঠা করা হবে।

(বাইট)

বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী জানিয়েছেন, প্রয়োজনীয় ধর্মীয় আচার অনুষ্ঠানের মধ্য দিয়ে এই প্রক্রিয়া সম্পন্ন হবে। এজন্য রাজ্য সরকারের কাছ থেকে কোনো আর্থিক সাহায্য নেওয়া হচ্ছে না।

অন্যদিকে, প্রবীণ কংগ্রেস নেতা অধীরঞ্জন চৌধুরী দাবি করেছেন, মন্দির নির্মাণের প্রতিযোগিতা চলেছে, লোকসভা ভোটের আগে যেমন, রাম মন্দির তৈরি করা হয়েছিল, তেমনই বিধানসভা ভোটকে সামনে রেখেই জগন্নাথ মন্দির নির্মাণ করা হয়েছে। জগন্নাথ দেবের প্রাণ প্রতিষ্ঠার পাশাপাশি সাধারণ মানুষের প্রাণ রক্ষারও আর্জি জানিয়েছেন অধীরবাবু।

(বাইট – অধীর)

ooooooooooooooooo

অপর্যাপ্ত রেক এবং পদ্ধতিগত সমস্যার কারনে আগামী রবিবার, চৌঠা মে পর্যন্ত হাওড়া ও পাশকুড়া থেকে দীঘাগামী বিশেষ ট্রেন চালানো যাবে না। দক্ষিণ পূর্ব রেলের এক বিজ্ঞপ্তিতে আজ একথা জানানো হয়েছে।

উল্লেখ্য দীঘায় বুধবার জগন্নাথ মন্দিরের উদ্বোধন উপলক্ষ্যে অতিরিক্ত ভীড় সামাল দিতে রাজ্য সরকারের আবেদন অনুযায়ী দক্ষিন পূর্ব রেল এর আগে একজোড়া বিশেষ ট্রেন চালানোর কথা ঘোষণা করেছিল।

ooooooooooooooooooooo

মুর্শিদাবাদের জঙ্গিপুর মহকুমার জাফরাবাদে সম্প্রতি বাবা ও ছেলের হত্যার ঘটনায় পুলিশ আরও দু-জনকে গ্রেফতার করেছে। জামশেদপুর থেকে ফারুল শেখ ও বীরভূমের

রামপুরহাট থেকে মণিরুল শেখ নামে এই দু-জনকে ধরা হয়। ধৃতদের আজ জঙ্গিপুর আদালতে তোলা হলে সাতদিনের পুলিশ হেফাজতে পাঠানো হয়েছে।

উল্লেখ্য, বাবা হরগোবিন্দ ও ছেলে চন্দন দাসের হত্যার ঘটনায় এই নিয়ে মোট সাতজনকে গ্রেফতার করা হলো বলে জঙ্গিপুরের পুলিশ সুপার জানিয়েছেন।

oooooooooooooooooooo

কলকাতা হাইকোর্টে প্রাথমিকের ৩২ হাজার চাকরি বাতিল সংক্রান্ত মামলার শুনানি, পিছিয়ে গেছে। দুই বিচারপতি তপব্রত চক্রবর্তী ও বিচারপতি ঋতব্রত কুমার মিত্রের ডিভিশন বেঞ্চ আজ জানায়, এসংক্রান্ত ৫০-টির বেশি মামলা দায়ের হয়েছে। সকলের বক্তব্য আলাদা করে শোনা সম্ভব নয়। কয়েকজন বরিষ্ঠ আইনজীবী যারা নেতৃত্ব দেবেন, তাঁদের  বক্তব্য শোনা হবে। বক্তব্যের সারাংশ লিখিত আকারে আদালতে জমা দিতে, আইনজীবীদের নির্দেশ দিয়েছে ডিভিশন বেঞ্চ।  আগামী ৭ মে বেলা ২ টোর সময় এই মামলার পরবর্তী শুনানি।

ooooooooooooooooooo

স্কুল সার্ভিস কমিশন SSC ২৬ হাজার চাকরি বাতিলে ‘আদালত অবমাননা’ সংক্রান্ত মামলা হাইকোর্ট আদৌ শুনতে পারে কিনা, আজও তার নিস্পত্তি হলনা দুই বিচারপতি দেবাংশু বসাক ও  মহ: শব্বার রাশিদির ডিভিশন বেঞ্চে।

মামলার পরবর্তী শুনানির দিন রাজ্য ও স্কুল সার্ভিস কমিশন, বিকাশ রঞ্জন ভট্টাচার্যের পালটা যুক্তি পেশ করবে আদালতে।

আজকের শুনানিতে আইনজীবী পার্থ সারথি সেনগুপ্ত রাজ্যের শিক্ষা দপ্তরের পক্ষে বলেন, সুপ্রিমকোর্টে মামলা বিচারাধীন থাকলে সেই মামলায় হাইকোর্টে আদালত অবমাননার মামলা হতে পারেনা। এর স্বপক্ষে বোম্বে হাইকোর্টের নির্দেশের কপি আদালতকে দিয়েছেন তিনি।

আইনজীবী সপ্তাংশু বসু বলেন, হাইকোর্ট এই মুহুর্তে আদালত অবমাননার মামলা শুনতে পারে "না ।

বিকাশ রঞ্জন ভট্টাচার্য বঞ্চিত চাকরিপ্রার্থীদের পক্ষে বলেন, নির্দেশটা কার্যকর করা হচ্ছে কিনা আইন অনুযায়ী সেটাই বিবেচ্য। শীর্ষ আদালতে মামলা বিচারাধীন থাকলেও মূল নির্দেশটা ছিল হাইকোর্টেরই।

বিচারপতি দেবাংশু বসাকের অভিমত , সুপ্রিম কোর্ট হাইকোর্টের নির্দেশের বেশ কিছু পরিবর্তন করেছে। নির্দেশের বেশ কিছু জায়গায় হস্তক্ষেপ করেনি। তার মানে হাইকোর্ট বা সুপ্রিমকোর্ট দুটি আদালতেই অবমাননার মামলা করা যায় কিনা সেই প্রশ্ন তোলেন তিনি। বিকাশ রঞ্জন ভট্টাচার্য এবিষয়ে বিভিন্ন আদালতের নির্দেশের কপি বিচারপতি দেবাংশু বসাকের ডিভিশন বেঞ্চে তুলে দিয়েছেন।

এদিকে ২০১৬ সালের কর্মশিক্ষা, শারীর শিক্ষা চাকরী প্রার্থীদের দুই আইনজীবি বিকাশ রঞ্জন ভট্টাচার্য ও ফিরদৌস শামিমের চেম্বারের সামনে বিক্ষোভের ঘটনায় কলকাতা হাইকোর্টে মামলা দায়ের হয়েছে। প্রধান বিচারপতি টি এস শিবজ্ঞানম, মামলা দায়েরের অনুমতি দিয়েছেন।

উল্লেখ্য, 'সুপার নিউমেরারি পোস্ট' সংক্রান্ত মামলার শুনানি দ্রুত কেন হচ্ছেনা, সেই প্রশ্ন তুলে গত শুক্রবারের বিক্ষোভ দেখান চাকরী প্রার্থীদের একাংশ। এর প্রতিবাদে 'অল ইন্ডিয়া ল'ইয়ার্স ইউনিয়ান'-এর তরফে আজ কলকাতা হাইকোর্টের বি গেট থেকে সিটি সিভিল কোর্ট পর্যন্ত বিক্ষোভ মিছিল করা হয়। প্রশাসনের মদতেই ওই বিক্ষোভ দেখানো হয়েছে বলে আইনজীবিদের অভিযোগ।

oooooooooooooooooooo

চাকরি ফিরে পাওয়ার দাবিতে চাকরিহারা শিক্ষক ও শিক্ষা কর্মীদের একাংশের বিক্ষোভ মিছিলকে কেন্দ্র করে আজ উত্তেজনা ছড়ায়। হাজরা মোড় থেকে কালীঘাট পর্যন্ত মিছিল যাওয়ার কথা থাকলেও, হাজরা মোড়েই পুলিশ তাঁদের পথ আটকায়। প্রতিবাদে রাস্তায় বসে বিক্ষোভ দেখান চাকরী প্রার্থীরা। কয়েকজন বিক্ষোভকারীকে পুলিশ থানায় নিয়ে গেছে বলেও অভিযোগ।

আন্দোলনকারীদের দাবি, যোগ্যদের তালিকায় তাঁদের নাম নেই। যেখানে OMR শিটের সত্যতাই যাচাই করা হয়নি, সেখানে কিভাবে তাঁদের নাম বাদ দেওয়া হল, সেই প্রশ্ন তুলেছেন তাঁরা। মুখ্যমন্ত্রীর কাছে নিজেদের দাবি তুলে ধরতেই আজ তাঁরা কালীঘাট যাওয়ার কর্মসূচী নিয়েছিলেন বলে চাকরী হারারা জানিয়েছেন।

অন্যদিকে, মধ্যশিখা পর্ষদের অফিসের সামনে চাকরীহারা শিক্ষাকর্মীদের অনশন আজ সপ্তম দিনে পড়েছে। মুখ্যমন্ত্রী তাঁদের মাসিক আর্থিক সাহায্য দেওয়ার কথা ঘোষণা করলেও তার সুস্পষ্ট কোনো নির্দেশিকাও দেওয়া হয়নি বলে অনশনকারীদের দাবি।

ooooooooooooooooooo

এ বছরের উচ্চ মাধ্যমিকের ফল ঘোষনা হবে আগামী ৭ই মে। ঐ দিন বেলা ১২.৩০ টায় বিদ্যাসাগর ভবনে এক সাংবাদিক বৈঠকে উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদ, ফলাফল ঘোষণা করবে। দুপুর ২ টা থেকে পরীক্ষার্থীরা নির্দিষ্ট ওয়েবসাইট এবং মোবাইল এ্যাপ মাধ্যমে রেজাল্ট দেখতে ও ডাউনলোড করতে পারবে।

আগামী ৮ই মে, বৃহস্পতিবার সকাল ১০ টা থেকে রাজ্যের মোট ৫৫টি Distribution Centre থেকে ছাত্র ছাত্রীদের মার্কশিট ও সার্টিফিকেট বিতরণ করা হবে। ঐদিনই স্কুলগুলিকে পরীক্ষার্থীদেরকে মার্কশিট ও সার্টিফিকেট দেওয়া হবে।

ooooooooooooooooooo

রাজ্যের বিভিন্ন জেলায় আগামী কয়েকদিন বিক্ষিপ্ত ঝড় বৃষ্টির পুর্বাভাষ দিয়েছে আলিপুর আবহাওয়া দপ্তর। সেই সঙ্গে পশ্চিমবঙ্গ, উত্তর ওড়িশা উপকূল বরাবর ঘণ্টায় ৪০ থেকে ৫০ কিলোমিটার বেগে ঝড়ো হওয়া বয়ে যেতে পারে। মৎস্যজীবীদের আগামীকাল পর্যন্ত সমুদ্রে পাড়ি না দেওয়ার পরামর্শ দেওয়া হয়েছে। পুরুলিয়া ও বীরভূমের মতো পশ্চিমের জেলাগুলিতে আজ সন্ধ্যায় হাল্কা থেকে মাঝারি বৃষ্টি ও ঝোড়ো হাওয়ার হলুদ সতর্কতা জারি করা হয়েছে।

উত্তরবঙ্গের দার্জিলিং, জলপাইগুড়ি ও আলিপুরদুয়ারে দমকা হাওয়ার সঙ্গে ঝড় বৃষ্টির পূর্বাভাষ রয়েছে।

বৃষ্টিতে তাপমাত্রাও কিছুটা নেমেছে। কলকাতায় আজ সর্ব্বোচ্চ তাপমাত্রা ছিল **৩৩ দশমিক ৮ ডিগ্রী সেলসিয়াস, স্বাভাবিকের তুলনায় যা প্রায় ২ ডিগ্রী নীচে** । সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়- ২৭ দশমিক ৯ ডিগ্রী সেলসিয়াস যা স্বাভাবিকের চেয়ে প্রায় ২ ডিগ্রী বেশী।

oooooooooooooooooooo

আইপিএল ক্রিকেটে কলকাতা নাইট রাইডার্স আগামীকাল দিল্লি ক্যাপিটালস্-এর বিরুদ্ধে খেলবে। দিল্লির অরুণ জেটলি স্টেডিয়ামে খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়। নাইট রাইডার্স ৯ ম্যাচে ৭ পয়েন্ট সংগ্রহ করে লিগ তালিকার সপ্তম স্থানে আছে।

অন্যদিকে, দিল্লি সমসংখ্যক ম্যাচে ১২ পয়েন্ট পেয়ে রয়েছে চতুর্থ স্থানে। প্লে অফের লড়াইয়ে পৌঁছাতে হলে নাইট রাইডার্সকে বাকি পাঁচ ম্যাচে জিততেই হবে। আগামীকালের ম্যাচ কে কে আরের কাছে ঘুরে দাঁড়ানোর লড়াই হতে চলেছে।

oooooooooooooooooooo

oooooooooooooooooo

oooooooooooooooooo